

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার  
উপজেলাপ্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারিহাসপাতাল  
ভাঙ্গুড়া, পাবনা।

স্মারক নং-৩৩.০১.৭৬১৯.০০০.১৮.০০২.২৩/ ১৪৯)

তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রিঃ

বিষয়: পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/ এজেন্ট বা খুচরা বিক্রেতা কে যথাযথ নিয়মাবলি অনুসরণ পূর্বক লাইসেন্স গ্রহণ / নবায়ন প্রসঙ্গে।  
সূত্রঃ মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্য খাদ্য ও পশুখাদ্য বিধিমালা, ২০১৩ বাস্তবায়নে মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়ের নির্দেশনা।

অফিস আদেশ

এতদ্বারা ভাঙ্গুড়া উপজেলার সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/ এজেন্ট বা খুচরা বিক্রেতাকে পশুখাদ্য/ফিড এডিটিভস বিক্রয়ের জন্য যথাযথ নিয়মাবলি অনুসরণ পূর্বক লাইসেন্স গ্রহণ করিতে হইবে (মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৪নং ধারা)।

সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/ এজেন্ট বা খুচরা বিক্রেতাকে লাইসেন্স এর জন্য যথাযথ নিয়মাবলি অনুসরণ পূর্বক মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর নির্দিষ্ট ফর্মে (সংযুক্তিতে উল্লেখিত) আবেদন করিতে হইবে ( মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৫ ও ৬ নং ধারা)।


অতএব, পশুখাদ্য বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট সকল ব্যক্তি বর্গকে পশুখাদ্য বিক্রয়ের লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। কারণ, মৎস্যখাদ্য পশুখাদ্য আইন, ২০১০ ও মৎস্যখাদ্য ও পশুখাদ্য বিধিমালা, ২০১৩ মোতাবেক রেজিট্রেশন ব্যতীত পশুখাদ্য/ফিড এডিটিভস বিক্রয় দণ্ডনীয় অপরাধ।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- ১। নির্দিষ্ট ফর্মে আবেদনপত্র ২ কপি।
- ২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ২ কপি (সত্যায়িত)।
- ৩। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি ২ কপি (সত্যায়িত)।
- ৪। ট্রেড লাইসেন্সের ফটোকপি ২ কপি (সত্যায়িত)।
- ৫। প্রযোজ্য ক্যাটাগরির জন্য ভ্যাট সহ আবেদন ফি ও লাইসেন্স ফি (নতুন) / নবায়ন ফি (লাইসেন্সকৃত) এর কপি-২টি (মূলকপি)।
- ৬। হালনাগাদকৃত আয়কর পরিশোধের সনদপত্র ২ কপি (সত্যায়িত)।

প্রাপক

- ১। জনাব.....  
.....ভাঙ্গুড়া, পৌরসভা/  
.....ইউনিয়ন, ভাঙ্গুড়া, পাবনা।

  
ডা.মোছাঃ রুমানা আকতার রোমি  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
ভাঙ্গুড়া, পাবনা।


স্মারক নং-৩৩.০১.৭৬১৯.০০০.১৮.০০২.২৩/ ১৪৯) (৭)

তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, পাবনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা।
- ৪। মেয়র, আটঘরিয়া, পৌরসভা।
- ৫। অফিসার ইন-চার্জ, ভাঙ্গুড়া, পাবনা।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ভাঙ্গুড়া, পাবনা।

✓ অফিসকপি।

  
ডা.মোছাঃ রুমানা আকতার রোমি  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
ভাঙ্গুড়া, পাবনা।